



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা প্রশাসকের কার্যালয়, সিরাজগঞ্জ  
জুডিশিয়াল মুন্সিখানা শাখা  
[www.sirajganj.gov.bd](http://www.sirajganj.gov.bd)

নম্বর: ০৫.৪৩.৮৮০০.০২৪.৩২.০০১.২৪.৪২০

২৩ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ  
তারিখ: ০৬ মে ২০২৪ খ্রিষ্টাব্দ

### গণবিজ্ঞপ্তি

বিষয়: বিজ্ঞপ্তি/নোটিশ ০৬ মে ২০২৪

আগামী ০৮ মে ২০২৪ তারিখ বুধবার সিরাজগঞ্জ জেলার কাজিপুর, সিরাজগঞ্জ সদর ও বেলকুচি উপজেলায় ৬ষ্ঠ উপজেলা পরিষদ সাধারণ নির্বাচন ২০২৪ ভোট গ্রহণ অনুষ্ঠিত হবে। সড়ক পরিবহন আইন, ২০১৮ এর ৩২ ধারা অনুযায়ী অনুষ্ঠিতব্য নির্বাচন উপলক্ষে ভোটগ্রহণের জন্য নির্ধারিত দিবসের পূর্ববর্তী মধ্যরাত অর্থাৎ ০৭ মে ২০২৪ তারিখ দিবাগত মধ্যরাত ১২.০০ টা হতে ০৮ মে ২০২৪ তারিখ দিবাগত মধ্যরাত ১২.০০টা পর্যন্ত নিম্নোক্ত যান্ত্রিক যানবাহন ও নৌযান চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করা হলোঃ

(১) ট্যাক্সি ক্যাব	(২) পিক আপ	(৩) মাইক্রোবাস	(৪) ট্রাক
--------------------	------------	----------------	-----------

০২। সেই সাথে ০৬ মে ২০২৪ তারিখ দিবাগত মধ্যরাত ১২.০০ টা হতে ০৯ মে ২০২৪ তারিখ মধ্যরাত ১২.০০ টা পর্যন্ত মোটর সাইকেল চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করা হলো।

০৩। নির্বাচনি এলাকায় আইনশৃঙ্খলা রক্ষা, যানজট নিরসন ইত্যাদি প্রয়োজনে বাস্তবতার নিরীখে ও স্থানীয় বিবেচনায় উল্লিখিত যানবাহন ছাড়াও উক্তরূপে যে কোন যানবাহন চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করা হলো। এ নিষেধাজ্ঞা রিটার্নিং অফিসারের অনুমতি সাপেক্ষে প্রতিদ্বন্দ্বী প্রার্থী/তাদের নির্বাচনী এজেন্ট, দেশি/বিদেশী পর্যবেক্ষকদের (পরিচয়পত্র থাকতে হবে) ক্ষেত্রে শিথিলযোগ্য। তাছাড়া, নির্বাচনের সংবাদ সংগ্রহের কাজে নিয়োজিত দেশি/বিদেশি সাংবাদিক (পরিচয়পত্র থাকতে হবে) নির্বাচনের নিয়োজিত কর্মকর্তা-কর্মচারি, আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্য, নির্বাচনের বৈধ পরিদর্শক এবং কতিপয় জরুরি কাজ যেমন- এ্যাম্বুলেন্স, ফায়ার সার্ভিস, বিদ্যুৎ গ্যাস, ডাক, টেলিযোগাযোগ ইত্যাদি কার্যক্রমে ব্যবহারের জন্য উল্লিখিত যানবাহন চলাচলের ক্ষেত্রে উক্ত নিষেধাজ্ঞা প্রযোজ্য হবে না। এছাড়া, জাতীয় মহাসড়ক (Highways), বন্দর ও জরুরি পণ্য সরবরাহসহ অন্যান্য জরুরি প্রয়োজনে এরূপ নিষেধাজ্ঞা শিথিল থাকবে।

০৬-০৫-২০২৪  
মীর মোহাম্মদ মাহবুবুর রহমান  
জেলা ম্যাজিস্ট্রেট

### বিতরণ জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- ২। সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- ৩। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা;
- ৪। সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- ৫। সচিব, নৌ পরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;